**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**13 SEPTEMBER 2025** **7:35 AM IST**

==========================================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুদিনের সফরসূচী নিয়ে আজ মিজোরাম ,মণিপুর ও আসামে আসছেন । প্রধানমন্ত্রী আজ সকাল ১০ টায় আইজলের লামুয়ালে আয়োজিত এক অনুষ্ঠানে ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে নবনির্মিত ভৈরবী-সাইরাং রেলপথে তিনটি নতুন ট্রেনের যাত্রার সূচনা করবেন । এই নতুন ট্রেনগুলি হচ্ছে সাইরাং ও দিল্লীর মধ্যে আনন্দ বিহার সাপ্তাহিক রাজধানী এক্সপ্রেস , সাইরাং ও গুয়াহাটীর মধ্যে দৈনিক এক্সপ্রেস এবং সাইরাং ও কোলকাতার মাধ্যে ত্রি-সাপ্তাহিক এক্সপ্রেস ।

এরপর প্রধানমন্ত্রী মণিপুরে যাবেন এবং চূড়াচান্দপুড়ে সাত হাজার তিনশ কোটী টাকার উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করবেন । প্রধানমন্ত্রী চূড়াচান্দপুর ও ইম্ফালে দুটি জনসভায় অংশ নেবেন । দুপুরে প্রধানমন্ত্রী গুয়াহাটী ফিরে আসবেন এবং বিকেল ৫ টায় খানাপারার অসম পশু চিকিৎসা বিজ্ঞান মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত সুধাকণ্ঠ ড.ভুপেন হাজারিকার জন্ম শতবার্ষিকী অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন । এই অনুষ্ঠানে তিনি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের জারি করা ড.ভূপেন হাজারিকা স্মারক ১০০ টাকার মুদ্রা আনুষ্ঠানিকভাবে প্রকাশ করবেন । প্রধানমন্ত্রী এই অনুষ্ঠানে

আসাম সরকারের তত্বাবধানে সংকলন করা ড.ভূপেন হাজারিকার বহুভাষিক জীবনী গ্রন্থেরও আনুষ্ঠানিক উন্মোচন করবেন ।

---

প্রতিবেশী রাজ্য মিজোরাম রেল মানচিত্রে অর্ন্তভুক্তির পরিপ্রেক্ষিতে বরাক উপত্যকার হাইলাকান্দি জেলায়ও এর ভালো প্রভাব পড়বে । হাইলাকান্দি জেলার মিজোরাম সীমান্ত সংলগ্ন ভৈরবী থেকে দেশের রাজধানী নতুন দিল্লীর মধ্যে সরাসরি রেল পরিষেবা শুরু হ ওয়ার ফলে হাইলাকান্দিবাসীর দীর্ঘদিনের দাবী ও স্বপ্ন পূরণ হচ্ছে । এই রেলপথে চলাচল করা তিনটি ট্রেনই মিজোরামের ভৈরবী রেলস্টেশন থেকে হাইলাকান্দি জেলায় প্রবেশ করবে এবং তিনটি ট্রেনেরই স্টপেজ হাইলাকান্দি রেল স্টেশনে থাকবে ।

এদিকে প্রধানমন্ত্রীর নতুন তিনটি ট্রেনের যাত্রা শুরু করা উপলক্ষে আজ বেলা এগারোটায় হাইলাকান্দি রেল স্টেশনেও এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এর পরিপ্রেক্ষিতে হাইলাকান্দি রেলস্টেশনকে সুন্দরভাবে সাজিয়ে তোলা হয়েছে ।

---

প্রধানমন্ত্রীর সম্মানে আজ প্রায় এক হাজার দুশ শিল্পী খানাপারার খেলার মাঠে বিশ্ববন্দিত শিল্পীর ১৪ টি নির্বাচিত গান ও কবিতা একসঙ্গে পরিবেশন করবেন ।

প্রধানমন্ত্রী আজ কইনধারার রাজ্য অতিথিশালায় রাত কাটিয়ে আগামীকাল মঙ্গলদৈ যাবেন এবং প্রায় ৫শ ৭৬ কোটি ব্যয়ে নির্মিত দরং মেডিকেল কলেজ ও হাসপাতাল সহ একটি জি এন এম স্কুল ও একটি নার্সিং কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । এছাড়া প্রধানমন্ত্রী আগামীকাল ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে প্রায় ৭ হাজার কোটি টাকা ব্যয়ে ব্রহ্মপুত্রের ওপর

নারেঙ্গী-কুরুয়া সংযোগকারী সেতু এবং গৌহাটী রিং রোড প্রকল্পেরও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন ।
এরপর শ্রীমোদী গোলাঘাট জেলার নুমলীগড়ে যাবেন এবং নুমলীগড় তেল শোধনাগারে বিশ্বের প্রথম বাঁশভিত্তিক জৈব ইথানল প্রকল্পের উদ্বোধন করবেন । প্রধানমন্ত্রী শোধনাগারটির নতুন পলিপ্রপিলিন ইউনিটের ভিত্তিপ্রস্তরও স্থাপন করবেন । এরপর প্রধানমন্ত্রী যোরহাটের রৌরিয়া বিমানবন্দর হয়ে নতুন দিল্লী ফিরে যাবেন ।

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির ব্যবস্থাপনায় আজ থেকে শুরু হচ্ছে দু দিনের সৈয়দ মুজতবা আলী সাহিত্য উৎসব । শিলচর বঙ্গ ভবনে আয়োজিত এই উৎসবের উদ্বোধন করবেন আসাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য্য অধ্যাপক তপোধীর ভট্টাচার্য্য । প্রধান অতিথি হিসেবে ওড়িষ্যা হাইকোর্টের অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি সুভাশিষ তলাপাত্র এবং বিশিষ্ট আতিথি হিসেবে মুস্তাবা গবেষক অধ্যাপক মিথিলেশ চক্রবর্তী উপস্থিত থাকবেন ।

---

আসাম বিজ্ঞান সমিতি হাইলাকান্দি শাখার উদ্যোগে হাইলাকান্দিতে আগামীকাল ২৩তম বার্ষিক সায়েন্স মেরিট টেষ্ট অনুষ্ঠিত হবে । জেলার পাঁচটি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে । এই কেন্দ্রগুলি হচ্ছে - লালার এম এ জুনিয়র কলেজ , কৈয়া মডেল স্কুল , আলগাপুর অকল্যান্ড স্কুল , প্যারামাউন্ট সিনিয়র সেকেন্ডারী স্কুল এবং এরিট সিনিয়র সেকেন্ডারী স্কুল । হাইলাকান্দি জেলার মোট ২৫টি স্কুলের শিক্ষার্থী এই প্রতিযোগীতায় অংশগ্রহন করবে । ইতিমধ্যে পরীক্ষার্থীদের মধ্যে এডমিট কার্ড বিতরন শুরু

হয়েছে । পরীক্ষা নিয়ন্ত্রকের দায়িত্বে থাকছেন অধ্যাপক অসীম কল্যান এবং সহযোগী হিসেবে নজমূল ইসলাম মজুমদার থাকছেন ।

---

সমগ্র দেশের সঙ্গে সঙ্গতি রেখে শ্রীভূমি জেলায়ও আজ জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । শ্রীভূমি জেলা ও দায়রা জজ আদালত এবং মূখ্য ন্যায় দন্ডাধীশের আদালত প্রাঙ্গনে এই লোক আদালত অনুষ্ঠিত হবে । লোক আদালতে শ্রীভূমি জেলার বিভিন্ন আদালতে বিচারাধীন আপোষ মিমাংসাযোগ্য মামলার দেওয়ানী ও ফৌজদারী মামলার নিষ্পত্তি করা হবে । জেলা আইন সেবা কর্তৃপক্ষ থেকে লোক আদালতের সুযোগ গ্রহন করতে অনুরোধ করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার সিনিয়র ডিভিশন লীগ কাম নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় নাগা রংমাই ওয়েলফেয়ার এসোসিয়েশন ও রাইজিং ক্লাব পরস্পরের মূখোমূখি হবে । স্থানীয় নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় টাউন ফুটবল একাডেমী ১-০ গোলে মুনলাইট ক্লাবকে পরাজিত করে ।
লালা ফুটবল একাডেমীর একমাত্র জয়সূচক গোলটি করেন লাবলু মিয়া ।

---